

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৯২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ প্রশ্নকারী যখন সালাতের ওয়াক্ত সম্পর্কে জিজ্ঞেস করেন, তখন তাকে সালাতের সময় সম্পর্কে জানানোর জন্য রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ফজরের সালাত একবার ফর্সা করে আদায় করেন আরেকবার সালাত ফর্ম হওয়ার প্রথম দিকে যখন জিবরীল আলাইহিস সালাম ইমামতি করেন, তখন একবার ফজরের সালাত ফর্সা করে আদায় করেন, এই দুইবার ছাড়া রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমৃত্যু অন্ধকারে ফজরের সালাতের আদায় করেন; কখনই আর ফর্সা করে আদায় করেননি

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يُسفر بِصَلَاةِ الْغَدَاةِ قَطُّ إِلَّا هَذِهِ الْمَرَّةَ حَيْثُ سَأَلَهُ السَّائِلُ عَنْ أَوْقَاتِ الصَّلَوَاتِ فَأَرَادَ إِعْلَامِهِ وَحِينَ أَمَّه جِبْرِيلُ فِي ابْتِدَاءِ فَرْضِ حَيْثُ سَأَلَهُ السَّائِلُ عَنْ أَوْقَاتِ الصَّلَوَاتِ فَأَرَادَ إِعْلَامِهِ وَحِينَ أَمَّه جِبْرِيلُ فِي ابْتِدَاءِ فَرْضِ الصَّلَاةِ وَمَا عَدَا هَذَيْنِ الْوَقْتَيْنِ كَانَتْ صَلَاتُهُ بِالتَّغْلِيسِ إِلَى أَنْ قَبَضَهُ اللَّهُ إِلَى جَنَّتِهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

আরবী

1492 _ أَخْبَرَنَا ابْنُ خُزَيْمَةَ حَدَّثَنَا الرَّبِيعُ بْنُ سُلَيْمَانَ أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي أُسَامَةُ بِنُ لَا الْعَالَمَةُ الْمَانَةُ الْمَانَ أَخْبَرَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي أُسَامَةُ بِنُ زَيْدٍ أَنَّ ابْنَ شِهَابٍ أَخْبَرَهُ

أَنَّ عُمَرٌ بْنَ عَبْدِ الْعَزِيزِ كَانَ قَاعِدًا عَلَى الْمِنْبِ فَأَخَّرِ الصَّلَاةَ شَيْئًا فَقَالَ عُرْوَةُ بْنُ الزُّبَيْرِ:
أَمَا عَلِمْتَ أَنَّ جَبْرِيلَ قَدْ أَخْبَرَ مُحَمَّدًا صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بِوَقْتِ الصَّلَاةِ فَقَالَ لَهُ عُمَرُ: أَعْلَمُ مَا تَقُولُ: سَمِعْتُ مَعْتُ بَشِيرَ بْنَ أَبِي مَسْعُودِ يَقُولُ: سَمِعْتُ أَبَا عُرُوةُ فَقَالَ عُرُوةُ: سَمِعْتُ بَشِيرَ بْنَ أَبِي مَسْعُودِ يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (نَزَلَ جَبْرِيلُ مَسْعُودِ الْأَنْصَارِيَّ يَقُولُ: (نَزَلَ جَبْرِيلُ مَا عَقُولُ: (نَزَلَ جَبْرِيلُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (نَزَلَ جَبْرِيلُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (نَزَلَ جَبْرِيلُ عَلَيْهِ وَسَلَّمَ مَعَهُ ثُمَّ صَلَيْتُ مَعَهُ ثُمَّ صَلَيْنِ الْعَصْرَ وَرَأَيْتُ مُعَهُ ثُمَّ صَلَيْنَ مَعَهُ ثُمَّ صَلَيْنَ مَعَهُ ثُمَّ صَلَيْنِ الْعَصْرِي فَاللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَاللَّهُ مَا اللَّهُ مَا اللَّهُ مَا اللَّهُ عَلَيْهِ وَسَلَمَ وَاللَّهُ مَنْ الطَّهُ مُ وَيَقْبَ وَلَا الشَّمْسُ مُرْتَفِعَةٌ بَيْضَاءُ وَبُلُ أَنْ تَدْخُلُهَا الصَّفْرَةُ فَيَنْصَرِفُ الرَّجُلُ مِنَ الصَّلَاةِ فَيَأْتِي الْعَشَاءَ وَالسَّمْسُ وَيُصَلِّي الْعَشَاءَ عِينَ يَسْوَدُ الْأَفُقُ وَرُبُّمَا أُخَّرِها حَتَّى يَجْتَمِعُ النَّاسُ وَصَلَّى الصَّبْحُ بِفِلَسٍ ثُمَّ صَلَّى مَرَّةً عَلَيْهِ وَسَلَّى الصَّدُ فَيَوْلَ عَلَيْ الْمَعْرِبَ حِينَ يَسْوَدُ الْأَفُونُ وَرُبُّمَا أُخَرَها حَتَّى يَجْتَمِعُ النَّاسُ وَصَلَّى الصَّبْحُ بِفَلَسٍ ثُمَّ مَلَّى الْمَا عُرَالِ عَلَى الْمَا أُولُ وَلَالَالَهُ مَالَى الْمَالُولُ وَلَالَ السَّمُ مُ مِنَالَ الْمَعْرِبَ حِينَ يَسُودُ السَّامِ فَي المَالِولَ السَّمُ مَلَ المَالَولُ وَلَالَ الْمَالُولُ الْمَالُولُ السَّالِي الْمَالُولُ السَّالَ مَا أَنْ الْمَالُولُ اللَّهُ مَا اللَّاسُ وَصَلَى الصَالَى الصَّلَى الصَالِي اللَّهُ مَا اللَّهُ مَا اللَّهُ الْمَالِ الْمَالُولُ اللَّهُ اللَّالَ الْمَالُولُ اللَّهُ الْمَالِ الْمَالُولُ اللَّهُ الْمَالُ



أُخْرَى فَأَسْفَرَ بِهَا ثُمَّ كَانَتْ صَلَاتُهُ بَعْدَ ذَلِكَ بِالْغَلَسِ حَتَّى مَاتَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَعُدْ إِلَى أَن يُسْفِرَ.

الراوي: عُرْوَةُ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1446 | خلاصة حكم المحدث: حسن ـ ((صحيح أبي داود)) ((الإرواء)) (1/ 269 ـ 270).

বাংলা

১৪৯২, ইবনু শিহাব যুহরী রহিমাভ্ল্লাহ বলেন, "একবার উমার বিন আব্দুল আযীয় রহিমাভ্ল্লাহ মিম্বারে বসে ছিলেন, অতঃপর তিনি আসরের সালাত কিছটা বিলম্বে আদায় করেন, তখন উরওয়া রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "আপনি কি জানেন না যে, জিবরাঈল আলাইহিস সালাম রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সালাতের সময় সম্পর্কে অবহিত করেন।" তখন উমার বিন আব্দল আযীয় রহিমাহুল্লাহ বলেন, "হে উরওয়া রাদিয়াল্লাহু আনহু, আপনি ভেবে দেখুন যে, আপনি কী বলছেন!" জবাবে তিনি বলেন, "আমি বাশীর বিন আবী মাস'উদকে বলতে শুনেছি, তিনি বলেছেন, আমি আবু মাসঊদ রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "আমি রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি. তিনি বলেছেন, "জিবরাঈল অবতরণ করেন অতঃপর আমাকে সালাত আদায় করার সময় সম্পর্কে অবহিত করেন। অতঃপর আমি তাঁর সাথে সালাত আদায় করি। তারপর আবার তাঁর সাথে সালাত আদায় করি।" তিনি আঙ্গুল দিয়ে পাঁচবার গণনা করেন। এছাড়াও আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে সূর্য পশ্চিমাকাশে ঢলে যাওয়ার সময় যোহরের সালাত আদায় করতে দেখেছি। আবার প্রচন্ড গরম হলে কোন কোন সময় যোহরের সালাত পিছিয়ে পড়েছেন। আমি তাঁকে আসরের সালাত আদায় করতে দেখেছি যখন সূর্য উঁচুতে ও সাদা থাকতো; যাতে তখনও হলুদ প্রবেশ করতো না। অতঃপর কোন ব্যক্তি সালাত শেষ করে সূর্য অস্ত যাওয়ার আগেই যুলহুলাইফায় পৌঁছে যেতো। তিনি সূর্যান্তের সময় মাগরিবের সালাত আদায় করতেন। ইশার সালাত আদায় করতেন যখন পশ্চিম দিগন্ত কালো হয়ে যেতো। আবার কোন কোন সময় লোকজন সমবেত হওয়া পর্যন্ত বিলম্ব করতেন। আর ফজরের সালাত কোন কোন সময় অন্ধকারে আদায় করতেন, তারপর আরেকবার ফর্সা হলে আদায় করেছেন। অতঃপর তিনি আমৃত্যু নিয়মিত অন্ধকারে সালাত আদায় করতেন; কখনই আর ফর্সা হলে আদায় করেননি।"[1]

ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ৩৫২; দারাকুতনী: ১/২৫০; সুনান বাইহাকী: ১/৩৬৩; আবূ দাউদ: ৩৯৪; হাকিম: ১/১৯২।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহর সানাদ শক্তিশালী বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৪১৮)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ ইবনু শিহাব আয-যুহরী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন